তারিখ: 13 JUL 1996
পৃষ্ঠা ... কলাম ...

5

আজকের কাগজ

## এসএসসি ফলাফল বিপর্যয়

# নামগোত্রহীন কলেজগুলো এবার অস্তিত্বের সংকটে পড়বে

এজাজ হোসেন ঃ গত কয়েক বছরের তুলনায় চলতি বছর হঠাৎ করেই এসএসসি পরীক্ষার্থিদের ফলাফল বিপর্যয়ের কারণে নতুন করে গড়ে ওঠা বহু কলেজসহ অনেক পুরনো কলেজও ছাত্রছাত্রীর অভাবে অস্তিত্বের সংকটে পড়ে যাবে। কয়েক বছর ধরে এসএসসি পাস করার পর কলেজে ভর্তি হতে গিয়ে ছাত্রছাত্রিরা যে টেনশনে পড়তো এবারে তা কমবে। তবে শহরের নামকরা কলেজগুলোতে ভর্তির ক্ষেত্রে প্রতিযোগিতা হ্রাস পাওয়ার কোনো সম্ভাবনা নেই। এবার ছাত্রছাত্রীর অভাবে দেশের অনেক কলেজের অবস্থা শোচনীয় হবে।

এবারের এসএসসির ফলাফল বিপর্যয়ের কারণ সম্পর্কে ঢাকা বোর্ডের একজন কর্মকর্তা বলেছেন, এর মূল কারণ হলো প্রশ্ন ব্যাংকের অনুপস্থিতি। তিনি বলেন, প্রশ্ন ব্যাংকের সুযোগে, গত কয়েক বছর পাসের হার বৃদ্ধির সঙ্গে সঙ্গে পরীক্ষার্থীর সংখ্যাও বিপুলভাবে বৃদ্ধি পেয়েছিলো। উল্লেখ্য, গত বছর পরীক্ষা দিয়েছিলো ৭ লাখ ৬৫ হাজার ১৩৫ জন। এর মধ্যে পাস করেছিলো ৫ লাখ ৬০ হাজার ১১৪ জন। পাসের হার ছিলো ৭৩ দশমিক ২০। অন্যদিকে এবারে পরীক্ষা দিয়েছিলো ৪ লাখ ৬৪ হাজার ২৬৭ জন। এর মধ্যে পাস করেছে ১ লাখ ৯৭ হাজার ৮১১ জন। পাসের হার ৪২ দশমিক ৬০। গতবার থেকে এবারে পরীক্ষার্থী কমেছে ৩ লাখ ১১ হাজার ৮৬৮ জন এবং কৃতকার্য ছাত্রছাত্রীর সংখ্যা কমেছে ৩ লাখ ৬২ হাজার ৩০৩জন। ঢাকা বোর্ড কর্মকর্তাটি আরো বলেন, প্রশ্ন ব্যাংক পদ্ধতি উঠিয়ে দেয়ার সঙ্গে সঙ্গে পরীক্ষার্থিদের সংখ্যা বিপুলভাবে হ্রাস পেয়েছে।

এবারের এসএসসি'র ফলাফলের আর একটি লক্ষণীয় বিষয় হচ্ছে, প্রত্যেকটি বোর্ডেই বিজ্ঞান ও সমাজবিজ্ঞান বিভাগে পাসের হারের মধ্যে বিরাট পার্থক্য। রাজশাহী বোর্ডে যেখানে বিজ্ঞান বিভাগে পাসের হার ৬৫ দশমিক ৩৭, সেখানে সমাজবিজ্ঞান বিভাগের পাসের হার অর্ধেকেরও কম ২৭ দশমিক৫৫ শতাংশ। একইভাবে চট্টগ্রামে বিজ্ঞান বিভাগে পাসের হার ৬১ দশমিক ৭৬, সমাজবিজ্ঞানে ৩২ দশমিক ২৮। কুমিল্লা বোর্ডে বিজ্ঞান বিভাগে ৬৬ দশমিক ৫৯ এবং সমাজবিজ্ঞানে ৩০ দশমিক ৪৭। এছাড়া ঢাকা ও যশোর বোর্ডেও প্রায় একই অবস্থা।

| সাল | অবতীর্ণ | ১ম বিভাগ | ২য় বিভাগ | ৩য় বিভাগ | মোট | পাসের হার |
|---|---|---|---|---|---|---|
| ১৯৯৬ | ৪৬৪২৬৭ | ৯৯৫৮৬ | ৯৫৬০২ | ২৬২৩ | ১৯৭৮১১ | ৪২.৬০ |
| ১৯৯৫ | ৭৬৫১৩৫ | ২৭১২৬৪ | ২৭৮২১৪ | ১০৬৩৬ | ৫৬০১১৪ | ৭৩.২০ |

*১৯৯৫ ও '৯৬ সালের এসএসসি পরীক্ষার ফলাফলের তুলনা। এর মধ্যে পাস করেছে ১ লাখ ৯৭ হাজার ৮১১ জন। সরকারি ও বেসরকারি কলেজগুলোতে উচ্চ মাধ্যমিক প্রথম বর্ষে মোট আসন সংখ্যা ১ লাখ ৩২ হাজার। এ পরিসংখ্যানটি '৯৪ সালের।*

গত কয়েক বছর এসএসসি পরীক্ষায় পাসের হার বেশি থাকায় নতুন অনেক কলেজ তৈরি হয়েছে যার আসন সংখ্যা এ পরিসংখ্যানে নেই। এছাড়াও রয়েছে পলিটেকনিক ইনস্টিটিউট। সব মিলিয়ে